

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
শিক্ষা মন্ত্রণালয়  
শৃঙ্খলা বিষয়ক শাখা  
www.shed.gov.bd

স্মারক নং- ৩৭.০০.০০০০.০৯৫.২৭.১৬.২০২২. ৫৬৭

তারিখ: ২৭ কার্তিক ১৪৩০ বঙ্গাব্দ  
০২ নভেম্বর ২০২৩ খ্রি.

**দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ**


যেহেতু, আপনি জনাব আবদুল মোমেন (২৩৬৭৩), প্রভাষক (ভূগোল ও পরিবেশ), কুমুদিনী সরকারি কলেজ, টাঙ্গাইল গত ০৮/০৮/২০২২ খ্রিস্টাব্দ হতে অদ্যাবধি কর্মস্থলে অননুমোদিতভাবে অনুপস্থিত থাকায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩ (খ) ও ৩ (গ) অনুযায়ী “অসদাচরণ” ও “পলায়ন” এর অভিযোগে বিভাগীয় মামলা রুজু করা হয়। উক্ত মামলায় আপনাকে কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হয়;

যেহেতু, আপনি কারণ দর্শানোর নোটিশের জবাব প্রদান করেননি। পরবর্তীতে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৭(২)(ঘ) অনুযায়ী আনীত অভিযোগের প্রেক্ষিতে তদন্তের জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে আপনার বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে তদন্তকারী কর্মকর্তা কর্তৃক মতামত প্রদান করা হয়;

যেহেতু, নথিপত্র পর্যালোচনায় এবং তদন্ত প্রতিবেদনের প্রদত্ত মতামতের আলোকে আপনার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩ (খ) ও ৩ (গ) অনুযায়ী “অসদাচরণ” ও “পলায়ন” এর অভিযোগ প্রমাণিত হওয়ায় উক্ত অভিযোগে দোষী সাব্যস্ত করে আপনাকে গুরুদণ্ড প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়;

সেহেতু, আপনি জনাব আবদুল মোমেন (২৩৬৭৩), প্রভাষক (ভূগোল ও পরিবেশ), কুমুদিনী সরকারি কলেজ, টাঙ্গাইল সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩ (খ) ও ৩ (গ) অনুযায়ী “অসদাচরণ” ও “পলায়ন” এর অভিযোগ প্রমাণিত হওয়ায় আপনার বিরুদ্ধে গুরুদণ্ড আরোপের সিদ্ধান্ত গৃহীত হওয়ায় একই বিধিমালা ৭(৯) বিধি অনুযায়ী কেন আপনাকে চাকরি হতে বরখাস্ত বা বিধিতে বর্ণিত অন্য কোনো গুরুদণ্ড প্রদান করা হবে না তার জবাব এ নোটিশ প্রাপ্তির ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে প্রেরণ করার জন্য নির্দেশ দেওয়া হলো।

  
০২/১১/২৩  
(সোলেমান খান)  
সচিব

সংযুক্ত: তদন্ত প্রতিবেদনের অনুলিপি ০৪(চার) ফর্দ।

**বর্তমান ঠিকানা:**


জনাব আবদুল মোমেন (২৩৬৭৩)  
প্রভাষক (ভূগোল ও পরিবেশ), কুমুদিনী সরকারি কলেজ, টাঙ্গাইল।

**স্থায়ী ঠিকানা:**

জনাব আবদুল মোমেন  
পিতা: আবুল বাশারমো: শাহের আলী  
গ্রাম- ছোট আশুলিয়া, ডাকঘর- ধামরাই  
থানা: ধামরাই, জেলা: ঢাকা

**অনুলিপি:**

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ২। সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

  
০২/১১/২০২৩  
(মো: শাহীনুর ইসলাম)  
উপসচিব